



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

স্মারক নং : বশেমুরবিপ্রবি/র/কাউন্সিল/১১ (জ.স-৮)/৪৪০(৬০)

তারিখ : ০৮ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এর সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অদ্য ২১/০৪/২০২৪ খ্রি. তারিখ রবিবার রাত ৮:৩০ ঘটিকায় মাননীয় ভাইস-চ্যান্সেলরের সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের ৮ম জরুরি সভা (ভার্চুয়ালি) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। সারাদেশের উপর দিয়ে প্রবাহমান তীব্র তাপদাহের কারণে আগামীকাল ২২/০৪/২০২৪ খ্রি. তারিখ সোমবার হতে আগামী ০৪/০৫/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ক্লাস ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে এবং সকল প্রকার পরীক্ষা বন্ধ থাকবে। অফিস কার্যক্রম সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত চলবে। তবে দাপ্তরিক প্রয়োজনে দপ্তর প্রধানের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা দপ্তরে অবস্থান করবেন।

২। আগামী ২৭/০৪/২০২৪ খ্রি. তারিখ শনিবার ও ০৩/০৫/২০২৪ খ্রি. তারিখ শুক্রবার ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের জিএসটি সমন্বিত ভর্তি পরীক্ষা উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ যথানিয়মে চলবে।

৩। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার এবং জরুরি পরিষেবাসমূহ যথানিয়মে চলবে।

তীব্র তাপদাহের প্রভাবে স্বাস্থ্যঝুঁকি এড়াতে স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে চলাফেরার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

(মোঃ দলিলুর রহমান)
রেজিস্ট্রার

স্মারক নং : বশেমুরবিপ্রবি/র/কাউন্সিল/১১ (জ.স-৮)/৪৪০(৬০)

তারিখ : ০৮ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ডিন, সকল অনুষদ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৩। দপ্তর প্রধান, সকল দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। পরিবহন প্রশাসক, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৫। গ্রন্থাগারিক, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৭। উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর (প্রচারের অনুরোধসহ), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৮। পিএস টু ভাইস-চ্যান্সেলর (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৯। পিএস টু প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ১০। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ১১। অফিস নথি।

(ফাহাদুল ইসলাম)
সেকশন অফিসার
কাউন্সিল শাখা